

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

আমেরিকার মানুষ যেসব মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা মোকাবেলা করেছে, HIV/AIDS হলো সেগুলোর অন্যতম একটি। বহু বছর ধরে HIV আক্রান্ত মানুষকে সুস্থ রাখতে চিকিৎসাবিজ্ঞান অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। তারপরও এর কোন নিরাময় নেই, এবং শিক্ষাই হচ্ছে একমাত্র উপায় যা দিয়ে আমরা আমাদের শিক্ষার্থীদেরকে সংক্রমণ থেকে নিজেদেরকে নিরাপদ রাখতে সহায়তা দিতে পারি। নতুন ‘হেলথ এড ওয়ার্কস ইনিশিয়েটিভ’ (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ)-এ মেয়র ডি ব্লাজিও’র \$24 মিলিয়ন ডলার বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থাস্থের প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYCDOE) সমন্বিত স্বাস্থ্য শিক্ষার অংশ হিসেবে HIV/AIDS অনুশীলনী কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক করেছে। *HIV/AIDS পাঠক্রম* যা NYCDOE NYC শিক্ষার্থীদের জন্য প্রস্তুত করেছে, তা বয়স ও পরিপক্বতা অনুযায়ী উপযুক্ত। যেমন, কিন্ডারগার্টেনে শিক্ষার্থীরা শিখবে কীভাবে মানুষ অসুস্থ হয় ও নিরাময় লাভ করে। গ্রেড 7-এ ছেলেমেয়েরা শিখবে কীভাবে HIV প্রতিরোধ ব্যবস্থাকে আক্রমণ করে, অ্যালকোহল ও ড্রাগ ব্যবহারের ঝুঁকি, এবং পিতামাতা/অভিভাবক বা তত্ত্বাবধানকারীদের সাথে ভাববিনিময়ের গুরুত্ব সম্পর্কে। হাই স্কুলের পাঠ ছেলেমেয়েদেরকে শেখাবে সেসব আচরণ পরিহার করতে যা তাদেরকে HIV সংক্রমণের ঝুঁকিতে ফেলবে, যৌনবাহিত রোগ সংক্রমণ (STIs) এবং ইচ্ছাবিরুদ্ধ গর্ভসঞ্চার সম্পর্কে।

পিতামাতা বা আইনি অভিভাবক হিসেবে, আপনার অধিকার আছে HIV/AIDS সম্পর্কিত পাঠের কিছু কিছু অংশ, যা HIV/যৌনবাহিত রোগ প্রতিরোধের বিভিন্ন পদ্ধতি সম্পর্কিত, তা পাঠ থেকে আপনার সন্তানকে বিরত রাখার। এসব “অপট আউট” (নাম প্রত্যাহার) করা প্রতিরোধক *HIV/AIDS পাঠক্রম*, অনলাইনে চিহ্নিত করা আছে <https://www.weteachnyc.org/resources/resource/hivaids-curriculum-2012-edition/> ওয়েবসাইটে।

আপনার সন্তানের নাম প্রত্যাহার করতে চাইলে আপনাকে আমার কাছে একটি চিঠি দিতে হবে যাতে নিম্নলিখিত বিষয়গুলো থাকবে:

- আপনার সন্তান “অপট আউট” করা প্রতিরোধ অনুশীলনীর ক্লাস চলাকালে ক্লাসরুমে থাকবে না; এবং
- আপনি আপনার সন্তানকে বাড়িতে প্রতিরোধের পদ্ধতি সম্পর্কে পাঠদান করবেন।

আপনার সন্তানকে উৎসাহিত করুন HIV/AIDS সম্পর্কে কথা বলতে। এটা করলে, সেটা আপনার সন্তানকে কীভাবে HIV সংক্রমিত হয়, সে ব্যাপারে সচেতন করবে, এবং আপনার ও আপনার সন্তানের জন্য ছেলেমেয়েদের স্বাস্থ্য ও ভবিষ্যত সুরক্ষা দিতে যৌন সঙ্গম থেকে বিরত থাকা যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও কার্যকর পন্থা, সে বিষয়ে আলোচনার সুযোগ করে দেবে।

আমাদের স্কুল ওয়েলনেস কাউন্সিলে সংশ্লিষ্ট হতে বা HIV/AIDS বিষয়ে একটি PTA উপস্থাপনা সমন্বয় করতে আমরা আপনাকে বাগত জানাই। এই অনুশীলনীতে আপনি কীভাবে আমাদের সহায়তা দিতে পারেন, তা নিয়ে সন্তানের শিক্ষক, প্যারেন্ট কোঅর্ডিনেটর, বা আমার সাথে কথা বলুন। এই প্রোগ্রাম নিয়ে কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে _____ নম্বরে আমাকে ফোন করুন।

বিনীত,

প্রিন্সিপ্যাল